Bengali

স্থানীয় হাউজিং এলাওয়্যান্সের উপর একটি নির্দেশিকা

(A guide to Local Housing Allowance)

এই লিফলেটে আপনি সর্বোচ্চ কতোটুকু হাউজিং বেনিফিট পেতে পারেন তা হিসাব করার নতুন পদ্ধতি বর্ণিত আছে। এই নতুন পদ্ধতির নাম লোকাল হাউজিং এলাওয়েন্স (হাউজিং এর স্থানীয় বরাদ্ধ)। এটা ৭ এপ্রিল ২০০৮ থেকে কার্যকর হবে এবং আপনি যে এলাকায়ই বাস করুন না কেনো তা একই রকম হবে। কোন কাউন্সিলের আওতায় আপনার এলাকা তা আপনি যদি না জানেন তবে তা আপনি আপনার কাউন্সিল ট্যাক্স বিলে পাবেন।

৬ই এপ্রিল ২০০৯ তারিখে নবায়িত

হাউজিং বেনিফিট কি?

হাউজিং বেনিফিট হচ্ছে কম আয় ও কম সঞ্চয় যুক্ত মানুষদের ঘরভাড়া (রেন্ট) পরিশোধের জন্য প্রদত্ত সহায়তা। এটা তাঁদের আয়, সঞ্চয় ও ঘরে বসবাসকারী মানুষের সংখ্যার ভিত্তিতে হিসাব করা হয়। এই হিসাবের মধ্যে তাদের প্রাপ্য সহায়তার একটা সর্বোচ্চ সীমা আছে।

লোকাল হাউজিং এলাউন্স কি?

লোকাল হাউজিং এলাউন্স (এলএইচএ) হচ্ছে আপনার টেনান্টদের প্রাপ্য সর্বোচ্চ হাউজিং বেনিফিট হিসাব করার নতুন পদ্ধতি। আপনি যা পাবেন তা এখন ও আপনার আয় ও সঞ্চয়ের উপর নির্ভর করে। আমরা যেভাবে আপনার প্রাপ্য সর্বোচ্চ হাউজিং বেনিফিট স্থির করি সে পদ্ধতির পরিবর্তন হচ্ছে। আমরা আমাদের ওয়েবসাইটে এল এইচ এ লেভেল প্রকাশ করবো।

এল এইচ এ কার উপর প্রযোজ্য?

যারা ৭ এপ্রিল ২০০৮ থেকে হাউজিং বেনিফিট দাবী করছেন তাদের প্রত্যেকের হাউজিং বেনিফিট এল এইচ এ ব্যবহার করে স্থির করা হবে। আপনি যদি ইতিমধ্যেই হাউজিং বেনিফিট পেয়ে থাকেন; তবে আপনি ঠিকানা পরিবর্তন বা সাময়িকভাবে বেনিফিট গ্রহণ বন্ধ না করলে নিয়মের কোন পরিবর্তন হবেনা।

স্থানীয় হাউজিং এলাওয়েন্স আপনার উপর কোন প্রভাব ফেলবে না যদিনা:

- আপনি যে বাড়ীতে থাকেন তা আমাদের মালিকানায়;
- আপনি একজন রেজিষ্টার্ড সোশ্যাল ল্যান্ডলর্ডের ভাড়াটে;
- আপনি সাপোর্টেড হাউজিং এ বাস করেন;
- আপনার ভাড়ার মেয়াদ শুরু হয়েছে ১৫ জানুয়ারী ১৯৮৯ থেকে (স্কটল্যান্ডে ২ জানুয়ারী ১৯৮৯);
- আপনি একটি ক্যারাভানে, হাউসবোটে বা হোস্টেলে থাকেন; বা
- রেন্ট অফিসার সিদ্ধান্ত নেন যে আপনি যে ভাড়া পরিশোধ করেন তার একটি বড় অংশ হলো আপনার জন্য যে খাবার রান্না করা হয় তার জন্য।

আপনি যদি উপরের যে কোন একটি গ্রুপে পড়েন, তবে আপনার প্রাপ্য হাউজিং বেনিফিট বর্তমান নিয়মেই ধার্য্য করা চলতে থাকবে।

আমি ইতিমধ্যেই হাউজিং বেনিফিট পাচ্ছি, আমার বেনিফিট কি পরিবর্তন হবে ?

না, আপনার বেনিফিট সমানই থাকবে। তবে আপনি ঠিকানা পরিবর্তন বা অন্ততঃ এক সপ্তাহের জন্য হাউজিং বেনিফিট গ্রহণ করা বন্ধ করলে আপনার নতুন প্রাপ্য এল এইচ এ পদ্ধতি ব্যবহার করে ধার্য্য করবো।

এল এইচ এ কিভাবে কাজ করে?

আপনি সর্বোচ্চ যে পরিমাণ হাউজিং বেনিফিট পেতে পারেন তা রেন্ট অফিসার অগ্রিম নির্ধারণ করবেন। এটা আপনি যে পরিমাণ রেন্ট পরিশোধ করেন তার উপর নির্ভর করবে না। আপনি সর্বোচ্চ যে পরিমাণ পাবেন তা আপনার এলাকার প্রত্যেকটি সমান সাইজের পরিবারের জন্য একই হবে, আপনার ও অন্যান্যদের আসল ভাড়ার পরিমাণ যাই হোক না কেনো।

বৃহত্তর বাসা ভাড়ার বাজার অঞ্চল (রেন্টাল মার্কেট এরিয়া)

রেন্ট সার্ভিস পুরো দেশকে বৃহত্তর বাসা ভাড়ার বাজার অঞ্চলে (বি আর এম এ) ভাগ করেছে। এগুলো কয়েকটি পাড়া নিয়ে গঠিত। প্রতি অঞ্চলে বিভিন্ন জনসেবামূলক সুবিধাদি যেমন স্বাস্থ্য, শিক্ষা, বিশ্রাম ও বিনোদন, ব্যক্তিগত ব্যাংকিং ও শপিং এর সুবিধাজনক দূরত্বের মধ্যে বহু ধরণের ঘরবাড়ী থাকবে।

সংগৃহীত তথ্যের মধ্যে প্রতি অঞ্চলে দাবীকৃত ভাড়াসমূহের মধ্যবর্তী যে ভাড়ার অঙ্ক, সেটাকেই স্থানীয় হাউজিং এলাউন্স রেট হিসাবে গণ্য করা হবে। প্রতিটি অঞ্চলে প্রত্যেক পরিবারের কক্ষের প্রয়োজনীয় সংখ্যা অনুযায়ী বিভিন্ন রেট হবে।

রেন্ট সার্ভিস চলমানভাবে স্থানীয় বাসা ভাড়ার বাজার সম্পর্কে খোঁজ খবর নেবে এবং প্রতিটি বিআরএমএ-র স্থানীয় হাউজিং ভাতার পরিমাণ প্রতিমাসে হালনাগাদ করবে। আপনি একটি নতুন দাবী করলে এর পরিমাণ বাড়তে বা কমতেও পারে বা সমানও থাকতে পারে।

আপনার স্থানীয় হাউজিং বেনিফিট অফিসে প্রতিমাসে এসবের পরিমাণ দেয়া হবে। আপনি কোন বি আর এম এ তে থাকেন তা বের করতে আপনার পোষ্টকোড ব্যবহার করতে পারবেন।

কক্ষের সংখ্যা

হাউজিং বেনিফিট রুল্‌স অনুযায়ী আমরা ঠিক করব টেনান্ট এর কয়টি রুম লাগবে। তারা যদি এক রুমে থাকেন ও কিছু সুবিধাদি (উদাহরণস্বরূপ কিচেন, বা বাথরুম) অন্যদের সাথে শেয়ার করে ব্যবহার করেন তাহলে একটি বিশেষ লোকাল হাউজিং রেট আছে। যদি কেউ ২৫ বছরের নীচে হন এবং নিজে আলাদাভাবে থাকেন, তাহলে তাঁরাও একই রেট পাবেন।

উপরের শর্ত যাঁদের প্রতি প্রযোজ্য হবে না তাঁদের কক্ষের সংখ্যা আমরা নিম্নরূপভাবে নির্ধারণ করব।

নীচের প্রত্যেকের জন্য একটি বেডরুম।

- এক জোড়া মানুষ/দম্পতি
- ১৬ বছর বা বেশী বয়সের হলে
- একই লিঙ্গের দুইটি শিশু তাদের ১৬ বছর বয়স পর্যন্ত
- ১০ বছরের কম বয়সী দুটি শিশু
- একটি শিশু (যার বয়স ১৬ এর নীচে)

প্রতি জনকে, যে গ্রুপে তাঁরা প্রথমে পড়বেন সে গ্রুপে মাত্র একবার গণনা করা হবে।

কত কক্ষ তাদের প্রয়োজন সেটা ঠিক করতে আমরা বাসার প্রত্যেককে গণনা করি না। আমরা আপনার উপর যেসব ছেলেমেয়ে বা অল্পবয়সী নির্ভরশীল তাদের সহ আপনাকে ও আপনার সঙ্গীকে গণনা করি। আপনার আর কোন প্রাপ্তবয়স্ক কেউ থাকলে, যারা বোর্ডার বা লজার নন, আমরা তাদেরকেও গণনা করবো। তবে আমরা ফস্টার বা আশ্রিত ছেলেমেয়ে বা জয়েন্ট টেনান্টদের বা যৌথ-ভাড়াটেদের গণনা করবো না।

আমাদের উপর কোন রেট প্রযোজ্য?

আপনার সর্বোচ্চ হাউজিং বেনিফিট হবে আপনার প্রয়োজনীয় সংখ্যক রুমের সংখ্যার জন্য আপনার এলাকার মোটামুটি বাজারদরে যে এল এইচ এ রেট তা।

৬ই এপ্রিল ২০০৯ তারিখ থেকে আপনি যে **সর্বোচ্চ** পরিমাণ হাউজিং বেনিফিট পেতে পারেন তা হবে পাঁচ বেডরুমের লোকাল হাউজিং এলাওয়্যান্স রেইটে। আপনি যদি হাউজিং বেনিফিটের জন্য নতুন আবেদন করেন বা ৬ই এপ্রিল ২০০৯ তারিখের পরে প্রাইভেট ভাড়া বাড়ীতে চলে যান, তবে আপনার আবেদন আপনি যে এলাকায় বাস করেন সে এলাকার পাঁচ বেডরুমের লোকাল হাউজিং এলাওয়্যান্স রেইট অনুযায়ী বিবেচনা করা হবে।

আপনি যদি ইতিমধ্যেই স্থানীয় হাউজিং কর্তৃপক্ষের ছয় বা তার বেশী বেডরুমের রেইটে হাউজিং বেনিফিট পেয়ে থাকেন, তবে আপনি আপনার কেইসটি রিভিউ (পূনর্বিবেচনা) করার আগ পর্যন্ত সে রেইট পেতে থাকবেন। আপনার পরিস্থিতির যদি পরিবর্তন না হয়ে থাকে, তবে সাধারণতঃ আপনার হাউজিং বেনিফিট দাবী করার এক বৎসর পর অথবা বিগত রিভিউর এক বৎসর পর আপনার রিভিউ হবে। রিভিউর পর আপনি হয়তো ২৬সপ্তাহ পর্যন্ত আপনার বর্তমান লোকাল হাউজিং এলাওয়্যান্স রেইটে হাউজিং বেনিফিট পেতে থাকবেন। এর পর পাঁচ বেডরুমের লোকাল হাউজিং এলাওয়্যান্স রেইট অনুযায়ী বিবেচনা করে আপনার প্রাপ্য নির্ধারণ করা হবে।

রেন্ট সার্ভিস প্রতি মাসে নতুন এল এইচ এ রেট প্রকাশ করবে। আপনার উপর যে রেট প্রযোজ্য হবে তা আপনি যে তারীখে দাবী করবেন তার উপর নির্ভর করবে। আপনি যদি একমাসের মধ্যে আপনার ক্লেইম ফরম ফেরত পাঠান তবে এ তারিখ হবে সাধারণতঃ যে তারিখে আমরা আপানার ক্লেইম ফরম পাবো বা যে তারিখে আপনি প্রথম আপনার হাউজিং বেনিফিট দাবী করার কথা বলেছেন সে তারিখ। আপনাকে যে তারিখে আমরা হাউজিং বেনিফিট দেই তা যদি পরের মাসে হয় তাতে কিছু যায় আসেনা, কারণ আপনার বেনিফিটের পরিমাণ আপনি যখন দাবী করেছিলেন তখনকার রেটের উপর নির্ভর করে নির্ধারণ করা হবে।

স্থানীয় হাউজিং এলাওয়্যান্স থেকে আমার ভাড়া বেশী

আপনার প্রাপ্য সর্বোচ্চ বেনিফিটের পরিমাণ হবে আপনার এলাকায় আপনার পরিবারের সাইজের জন্য যে মাসে আবেদন করেছেন তখনকার এল এইচ এ রেট। আপনার ভাড়ার পরিমাণ এ সংখ্যার চেয়ে বেশী হলে আপনার নিজেকেই এ ঘাটতি পূরণ করে নিতে হবে। আপনার যদি বিশেষ পরিস্থিতি থাকে, তবে 'এ গাইড টু ডিসক্রেশনারী পেমেন্টস (বিশেষ বিবেচনায় অর্থদানের নির্দেশিকা)' এ লিফলেট পড়ুন বা আমাদের সাথে কথা বলুন।

লোকাল হাউজিং এলাওয়েন্স থেকে আমার ভাড়া কম।

আপনার সর্বোচ্চ হাউজিং বেনিফিট হলো আপনি সপ্তাহে যে ভাড়া পরিশোধ করেন এবং তার উপর সাপ্তাহিক ১৫ পাউন্ড। এটা সরকার নির্ধারিত সর্বোচ্চ পরিমাণ যা হাউজিং বেনিফিট ধার্য্য করার জন্য ব্যবহার করা যেতে পারে। আপনার সর্বোচ্চ হাউজিং বেনিফিট আপনার এল এইচ এ রেট থেকে বেশী হবেনা।

উদাহরণ
রেন্ট = সাপ্তাহে ৯০ পাউন্ড
এলএইচএ = সপ্তাহে ১২০ পাউন্ড
সর্বোচ্চ হাউজিং বেনিফিট = সপ্তাহে ১০০ পাউন্ড

উদাহরণ
রেন্ট = সাপ্তাহে ৯০ পাউন্ড
এলএইচএ = সপ্তাহে ১০০ পাউন্ড
সর্বোচ্চ হাউজিং বেনিফিট = সপ্তাহে ১০০ পাউন্ড

আমার বাড়া বাড়লে কি আমার হাউজিং বেনিফিট ও বাড়বে?

আমরা আপনার বেনিফিট দাবী করার বার্ষিকীতে আপানার এল এইচ এ রেট প্রতি বৎসর পর্যালোচনা করবো। আপনার সর্বোচ্চ হাউজিং বেনিফিট হবে সে মাসের জন্য প্রযোজ্য এল এইচ এ রেট, তাই এর অর্থ হবে যে আপনার বেনিফিট বাড়বে। আপনার ভাড়া বাড়লে আপনার প্রাপ্য সর্বোচ্চ হাউজিং বেনিফিট বাড়বেনা।

আমি আমার দাবীকে আরো পেছনের তারিখ থেকে ধরার জন্য অনুরোধ করেছি। লোকাল হাউজিং এলাওয়েন্স এর কোন রেট এর উপর আমার দাবী নির্ভর করবে?

এটা নির্ভর করবে আপনি আপনার দাবীকে ৭ই এপ্রিল ২০০৮ তারিখের আগে থেকে ধরার জন্য বলেছেন কি না।

আমরা যদি আপনার দাবীকে ৭ এপ্রিল ২০০৮ তারিখের আগে থেকে ধরার সিদ্ধান্ত নেই তবে আমরা আপনার দাবী করার তারিখকে লোকাল হাউজিং এলাওয়েন্স রেগুলেশন্স কার্যকর হবার আগের বলে ধরে নেবো। যার ফলে, আপনার সর্বোচ্চ হাউজিং বেনিফিট নির্ভর করবে রেন্ট অফিসার কি সিদ্ধান্ত নেন তার উপর। আপনি এল এইচ এ তে পরিবর্তিত হবেন যদি বাড়ী বদল করেন বা আপনি দাবী করা বন্ধ করেন এবং পরে আবার শুরু করেন।

আপনি যদি আপনার দাবীকে ৭ই এপ্রিল ২০০৮ তারিখের পরের পূরানো তারিখ থেকে ধরার অনুরোধ করেন এবং আমরা যদি এতে রাজী হই তবে আপনার এল এইচ এ রেট আপনি যে মাস থেকে আপনার দাবী চালু করার জন্য অনুরোধ করেছেন সে মাসের প্রযোজ্য পরিমাণের সংখ্যার উপর নির্ভর করবে। আমরা আপনার বেনিফিট দাবী করার বার্ষিকীতে আপানার এল এইচ এ রেট পর্যালোচনা করবো।

আমি চাই আমার ল্যান্ডলর্ডের কাছে হাউজিং বেনিফিট দেয়া হোক

এল এইচ এর অধীনে আমরা সরাসরি আপনার ব্যাংক একাউন্টে বা চেকের মাধ্যমে আপনার কাছে হাউজিং বেনিফিট পাঠাবো। আপনি সঠিক সময়ে সঠিক পরিমাণ ভাড়া আপনার ল্যান্ডলর্ডকে পরিশোধ করছেন তা দেখা আমাদের দায়িত্ব। খুম কম পরিস্থিতিতে আমরা সরাসরি আপনার ল্যান্ডলর্ডের কাছে আপনার বেনিফিট পরিশোধ করবো। আমরা এটা করবো যদি আমরা দেখি যে আপনি আপনার ভাড়া দিতে সমস্যায় আছেন, আপনার ভাড়া আট সপ্তাহ বা তার বেশী বকেয়া পড়ে গেছে বা আমরা মনে করিনা যে আপনি আপনার ভাড়া দেবেন। আমরা প্রতি কেইস আলাদাভাবে বিবেচনা করবো এবং হয়তো আপনার কাছে কারণ ও প্রমাণসহ জানতে চাইবো কেনো আপনার ল্যান্ডলর্ডের কাছে এটা দেবো। আপনি এ ব্যাপারে আরো জানতে চাইলে আমাদের সাথে বা সিটিজেন্স এডভাইস ব্যুরোর সাথে যোগাযোগ করুন।

আমার কোন ব্যাংক একাউন্ট নাই

আপনার যদি ব্যাংক একাউন্ট না থাকে, আমরা আপনার হাউজিং বেনিফিট চেকে পরিশোধ করবো যদিও আমরা একাউন্টে দেয়া পছন্দ করি যেহেতু এটা নিরাপদ ও দক্ষ। আমরা বা সিটিজেন্স এডভাইস ব্যুরো কিভাবে ব্যাংক একাউন্ট খুলতে হবে সে ব্যাপারে আপনাকে উপদেশ বা তথ্য দিতে পারবেন। আপনি এর পরে আপনার ল্যান্ডলর্ডের সাথে আপনার ভাড়া পরিশোধ করার জন্য একটি স্ট্যান্ডিং অর্ডার (লিখিত স্থায়ী অনুমতি) করে রাখতে পারবেন। এটা যাতে আপনার ভাড়া প্রতিমাসে পরিশোধ হয় তা নিশ্চিত করার একটি সহজ উপায়।

আমি একটি নতুন বাড়ীতে চলে যেতে চাই, আমার সর্বোচ্চ হাউজিং বেনিফিট কি হবে তা কি করে জানবো?

আপনি যে এলাকায় যেতে চাইছেন সে এলাকার মোটামুটি ভাড়ার এল এইচ এ রেট জেনে নিন। এ তথ্য আমাদের অফিস ও আমাদের ওয়েবসাইটে পাবেন।

আপনাকে এর পরে দেখতে হবে আপনার কয়টি বেডরুম প্রয়োজন, রুমের সংখ্যা বিভাগের শর্তের উপর ভিত্তি করে। এটা বাড়ীর রুম সংখ্যা নয় বরং আপনার পরিবারের কয়টি রুম প্রয়োজন তা। ততগুলো রুমের জন্য সে এলাকার ভাড়ার স্থানীয় বাজারদর অনুযায়ী লোকাল হাউজিং এলাওয়েন্স এর রেট হবে সর্বোচ্চ হাউজিং বেনিফিট যা আপনাকে দেয়া হবে, ভাড়া যাই হোক।

আপনি যখন বাড়ী বদলাবেন তখন আমরা আপনার নতুন বাড়ীর জন্য প্রাসঙ্গিক এল এইচ এ প্রয়োগ করবো।

আমাকে কি তবুও আমার আয় ও সঞ্চয়ের ব্যাপারে বলতে হবে?

হ্যাঁ, আমরা যেভাবে আপনার আয় ও সঞ্চয় ব্যবহার করে হাউজিং বেনিফিট হিসাব করি তার পরিবর্তন হচ্ছেনা। আমরা কিভাবে হাউজিং বেনিফিট স্থির করি সে ব্যাপারে আরো জানতে 'হেল্প উইথ রেন্ট এন্ড কাউন্সিল ট্যাক্স ফর পিপল অফ ওয়ার্কিং এইজ (কর্মক্ষম বয়সের লোকদের জন্য ভাড়া ও কাউন্সিল ট্যাক্স এর ব্যাপারে সাহায্য) ' বা 'হেল্প উইথ রেন্ট এন্ড কাউন্সিল ট্যাক্স ফর পেনশনার্স (অবসরপ্রাপ্ত লোকদের জন্য ভাড়া ও কাউন্সিল ট্যাক্স এর ব্যাপারে সাহায্য)' পুস্তিকাগুলো দেখুন। আমরা যেভাবে আপনার সর্বোচ্চ হাউজিং বেনিফিট স্থির করি শুধু তার পরিবর্তন হচ্ছে। আপনাকে এখনও আমাদেরকে আপনার আয় ও সঞ্চয়ের বিস্তারিত তথ্য দিতে হবে এবং আপনার পরিস্থিতির কোন পরিবর্তন হলে তা আমাদেরকে জানাতে হবে।

আমার পরিবারের আকারের পরিবর্তন হয়েছে। আমার হাউজিং বেনিফিটের ব্যাপারে কি হবে?

আপনার পরিবারে এসে যদি কেউ বাস করতে শুরু করেন বা কেউ বেরিয়ে যান, তাহলে আপনাকে অবশ্যই তা আমাদেরকে বলতে হবে। আমরা তখন আপনার সর্বোচ্চ হাউজিং বেনিফিট পরিবর্তন করে আপনার পরিবারের নতুন আকার অনুযায়ী সঠিক এল এইচ এ রেট এ স্থির করবো।

আপনার পরিবারের কারো যদি এমন একটি জন্মতারিখ থাকে যা এল এইচ এ রেট এ প্রভাব করে (উদাহরণস্বরূপ যখন কোন শিশুর বয়স ১৬ বৎসর হয়), তখন আমরা হয়তো আপনার এল এইচ এ রেট পরিবর্তন করবো কারণ সে শিশুর তখন আলাদা রুমের প্রয়োজন হবে। (উপরের রুম সংখ্যা বিভাগ দেখুন)

আমি স্থানীয় হাউজিং এলাওয়েন্স রেইট এর সাথে একমত নই, আমি কি আপীল করতে পারি?

না, এল এইচ এ রেট এর বিরূদ্ধে আপীল সম্ভব নয়। এর কারণ এর মান সারা বি আর এম এ -র জন্য স্থির করা এবং যে কোন পরিবর্তন যারা তাদের রেট নিয়ে খুশী তাদের উপরেও প্রভাব করবে।

কোথায় আমি আরও পরামর্শ পাব?

আরও পরামর্শ চাইলে, আপনার লোকাল কাউন্সিলে যোগাযোগ করুন। (কাউন্সিল ট্যাক্স বিলে আপনার লোকাল কাউন্সিলের নাম পাবেন)।

নিচের ওয়েবসাইটগুলো থেকেও আরও সহায়তা পাবেন।

www.dwp.gov.uk - ডিপার্টমেন্ট ফর ওয়ার্ক এন্ড পেনশন্স

www.therentservice.gov.uk - রেন্ট সার্ভিস

www.adviceguide.org.uk - সিটিজেন্স এডভাইস

স্বাধীন পরামর্শ

স্বাধীন পরামর্শ চাইলে আপনার স্হানীয় সিটিজেন্স এডভাইস ব্যুরোতে যোগাযোগ করুন। তাদের কোন নাম্বার (এবং অন্যান্য এডভাইস এজেন্সীর নাম্বার) ফোন বুকে এবং আপনার স্হানীয় লাইব্রেরীতে অথবা আপনার লোকাল কাউন্সিলে যোগাযোগ করে নিতে পারেন।

অন্যান্য ফরম্যাটে

এই বুকলেটের তথ্যাদি বড় প্রিন্টে, ব্রেইল, অডিও সংস্করণ ও অন্যান্য ভাষায় পাবেন। আরও তথ্যের জন্য আমাদের ওয়েবসাইটে www.benefit-leaflets.org ভিজিট করুন।